



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৯

০৭ এপ্রিল ২০২২  
তারিখ :-----  
২৪ চৈত্র ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**Master Circular on Loan Rescheduling: Transfer of  
Interest charged on Rescheduled Loans to Income Account**

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং- ১৫; তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারে পুনঃতফসিলকৃত ঋণের বিপরীতে প্রকৃত আদায় ব্যতিরেকে আরোপিত সুদ ব্যাংকের আয় খাতে স্থানান্তর করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় ব্যাংক প্রকৃত আদায় ব্যতিরেকে পুনঃতফসিলকৃত ঋণের আরোপিত সুদ আয় খাতে স্থানান্তর করছে। ফলে প্রকৃত অবস্থা অপেক্ষা ব্যাংকের আয় স্ফীতভাবে প্রদর্শিত হচ্ছে এবং ব্যাংকের মূলধন ভিত্তি দুর্বল হচ্ছে। এ ধরনের কার্যক্রম সার্কুলারে বর্ণিত নির্দেশনার লংঘন এবং ব্যাংকিং খাতে সার্বিক ঋণ শৃঙ্খলার পরিপন্থী।

৩। এ ক্ষেত্রে, ব্যাংকসমূহের আর্থিক অবস্থার প্রকৃত চিত্রের প্রতিফলন নিশ্চিতকরণ, মূলধন সুসংহতকরণ এবং ব্যাংকিং খাতে সার্বিক ঋণ শৃঙ্খলার স্বার্থে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, পুনঃতফসিলকৃত ঋণের বিপরীতে আরোপিত সুদ প্রকৃত আদায় ব্যতিরেকে কোনভাবেই ব্যাংকের আয় খাতে স্থানান্তর করা যাবে না।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫২